

তফসিলভুক্ত দরগাহ্ (পরিচালনা ও ব্যবস্থাপনা) রহিতকরণ
আইন, ১৯৯৪

১৯৯৪ সনের ৯ নং আইন

[১৩ জুন, ১৯৯৪]

তফসিলভুক্ত দরগাহ্ (পরিচালনা ও ব্যবস্থাপনা) আইন, ১৯৯০ রহিতকরণকল্পে
প্রণীত আইন।

যেহেতু তফসিলভুক্ত দরগাহ্ (পরিচালনা ও ব্যবস্থাপনা) আইন, ১৯৯০
(১৯৯০ সালের ২৩ নম্বর আইন) রহিত করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল :-

১। এই আইন তফসিলভুক্ত দরগাহ্ (পরিচালনা ও ব্যবস্থাপনা) রহিতকরণ
আইন, ১৯৯৪ নামে অভিহিত হইবে।

সংক্ষিপ্ত
শিরোনামা

২। তফসিলভুক্ত দরগাহ্ (পরিচালনা ও ব্যবস্থাপনা) আইন, ১৯৯০ (১৯৯০
সনের ২৩ নম্বর আইন) এতদ্বারা রহিত করা হইল।

১৯৯০ সালের
২৩ নম্বর
আইন-এর
রহিতকরণ

—————